

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

নং- ১৪৪০৮(২)

তারিখঃ ০৫/১০/৭২ ইং

বরাবরঃ

জেলা রেজিষ্ট্রার  
বগুড়া/ঢাকা

বিষয়ঃ নির্দায়ী প্রমাণপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ জিলা রেজিষ্ট্রারের ২-৯-৭২ তারিখের ১৪০৬/ ০৫-০৯-৭২ তারিখের ৫০৩৯ সংখ্যার চিঠি।

সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক রেজিষ্ট্রারিং অফিসারগণ কর্তৃক নির্দায়ী প্রমাণপত্র প্রদানের কোন বিধি রেজিষ্ট্রেশন আইনে নাই। তবে কোন প্রতিষ্ঠান যদি যথারীতি ফিস প্রদানপূর্বক এই নির্দায়ী প্রমাণ পাইতে চায়, তবে রেজিষ্ট্রারিং অফিসার সেই প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত ক্ষমতাবান কর্মচারীকে রেজিষ্ট্রেশন আইনের ৫৭ নং বিধান মতে সংশ্লিষ্ট ভলিয়ুম তলাশ করিয়া আবেদনে বর্ণিত ভূমির খোজ খবর নিতে অনুমতি দিতে পারেন।

প্রার্থিত নির্দায়ী প্রমাণপত্র প্রদান করা সাব রেজিষ্ট্রার বা কোন রেজিষ্ট্রারিং অফিসারের কর্তব্য ও দায়িত্ব নহে। এ বিষয়ে রেজিষ্ট্রেশন নিয়মাবলীর ১০৯(২) সংখ্যক নিয়ম ও ফাইন্যান্সিয়াল রুলের ১৬ নং তফসীল দেখার জন্য জিলা রেজিষ্ট্রারকে অনুরোধ করা যাইতেছে।

স্বাঃ ফখরুল আলম চৌধুরী  
১৯-১০-৭২  
প্রধান রেজিষ্ট্রী পরিদর্শক,  
বাংলাদেশ, ঢাকা পক্ষে।

মেমো সংখ্যা ১৪০০৮(২)/১৬

তাং ০৫-১০-৭২ ইং

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এর নকল মোমেনশাহী জিলা রেজিষ্ট্রারের নিকট প্রেরিত হইল।

স্বাঃফখরুল আলম চৌধুরী  
এ,আই,জি,আর বাংলাদেশ  
ঢাকা  
১৯-১০-৭২